# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬২৫

পর্ব-১৭: দণ্ডবিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - দণ্ডপ্রাপ্ত ব্যক্তিকে বদ্দু‘আ না করা

بَابُ مَالَا يُدْعٰى عَلَى الْمَحْدُوْدِ

আরবী

عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رجلا اسمُه عبدُ اللَّهِ يُلَقَّبُ حمارا كَانَ يُضْحِكُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ جَلَدَهُ فِي الشَّرَابِ فَأُتِيَ بِهِ يَوْمًا فَأَمَرَ بِهِ فَجُلِدَ فَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ: اللَّهُمَّ الْعَنْهُ مَا أَكْثَرَ مَا يُؤْتَى بِهِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تلعنوه فو الله مَا عَلِمْتُ أَنَّهُ يُحِبُّ اللَّهَ وَرَسُولَهُ» . رَوَاهُ الْبُخَارِيّ

বাংলা

৩৬২৫-[১] ’উমার ইবনুল খত্ত্বাব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তির নাম ছিল ’আবদুল্লাহ, কিন্তু তাকে ’হিমার’ (গাধা) উপাধিতে ডাকা হতো। সে (অবোধের ন্যায় কথাবার্তা বলে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে হাসাতো। একদিন মদ্যপায়ীর জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার ওপর দণ্ড প্রয়োগ করেছিলেন। এরপর আবার একদিন তাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আনা হলে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাকে চাবুক মারার নির্দেশ করলেন। তখন এক ব্যক্তি বলে উঠল, হে আল্লাহ! তার ওপর তোমার অভিসম্পাত বর্ষিত হোক। কতবারই না তাকে এ অপরাধে আনা হলো? এমতাবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তাকে অভিশাপ দিও না। আল্লাহর শপথ! আমি তার সম্পর্কে জানি যে, সে আল্লাহ ও তাঁর রসূলকে ভালোবাসে। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৭৮০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: প্রথমটি তার নাম, দ্বিতীয়টি তার উপাধি। (كَانَ يُضْحِكُ النَّبِىَّ ﷺ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে হাসাতেন তবে তার উপস্থিতিতে অথবা এমন কাজ করতেন যাতে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসতেন।

আবূ ‘ইয়ায হিশাম বিন সা‘দ, তিনি যায়দ বিন আসলাম-এর সানাদে বলেন যে, এক ব্যক্তি তাকে গাধা নামে উপাধি দেয়া হতো তিনি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ঘি এবং মধুর কোটা বা থলে উপহার দিতেন আর যখন ঘি বা মধুর মালিক এসে তাকে তাগাদা দিতো (মূল্যের জন্য) তিনি তখন তাকে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে নিয়ে আসতেন এবং বলতেন একে তার মূল্য দিয়ে দিন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শুধু হাসতেন, অতঃপর বলতেন তাকে দাও।

তিনি আল্লাহর রসূলকে ভালোবাসতেন। যখনই তিনি মদীনাতে প্রবেশ করতেন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য কিছু ক্রয় করে নিয়ে এসে বলতেন। এটা আপনার জন্য হাদিয়া। যখন দোকানদার এসে মূল্য চাইতো তখন তিনি বলতেন, হে আল্লাহর রসূল! আপনি মূল্যটি দিয়ে দিন জবাবে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেন : তুমি কি আমাকে এটা হাদিয়া হিসেবে প্রদান করনি? তখন লোকটি বলতেন আমার কাছে তো তেমন কিছুই নেই। তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসতেন আর আদেশ দিতেন দোকানদারকে মূল্য দিতে। (ফাতহুল বারী ১২শ খন্ড, হাঃ ৬৭৮০)

হাদীসের শিক্ষা:

* উপাধি নামে ডাকা বৈধ।

* পাপ কাজ করা সত্ত্বেও পাপীর অন্তরে আল্লাহ এবং রসূলের ভালোবাসা বিদ্যমান থাকে।

* মদ্যপান বার বার করলে দণ্ড হিসেবে হত্যা করা যাবে না। ইবনু ‘আব্দুল বার বলেন, লোকটিকে পঞ্চাশ বারের অধিক মদ্যপানের অপরাধে নিয়ে আসা হয়েছিল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68952

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন